

ধর্ম আর প্রেম

আমার এক বন্ধু বলে,কষ্ট তো পাবেই তুমি
ভুল করেছো তুমি হিন্দু মেয়েকে ভালোবেসে
ভালোবাসাই আবার ধর্ম এলো কবে থেকে
আমি বললাম তারে হেসে।।
ভালোবাসার ধর্ম সেতো “ভালোবাসাই“
তার নেই কোনো জাত-পাত নেই কোনো ধর্ম
আর জাত পাত নিয়ে আমাদের কি কর্ম?
ধর্মের নামে মানুষের বিভাজন,সেতো মানুষের ই কাজ
ভালোবাসবো মানুষ কে তাতে ধর্মের কি কাজ।।

বন্ধু বলে:!
ভালোবাসায় যদি ধর্ম না হত
রিজয়ানুর তাহলে মরতো না
অমন করে প্রিয়াঙ্কা,তাহলে তাকে ছেড়ে চলে যেত না।

আমি বলি রিজয়ানুর তো মরেনি
সে আজ ও জীবিত,ভালোবাসা তার হারেনি
জীবিত সে আজ ও তোমার আমার মনে
ভাবলে তার কথা আজ ও জল আসে চোখের কোনে।।

ভালোবাসার নেই কোনো ধর্ম,নেই কোনো গন্ডি
ভালোবাসা সেতো আপন খেয়ালে নিজের মাঝেই বন্দি।
ভালোবাসার নেই কোনো দেশ,নেই কোন বেশ
মনের ভিতর জায়গা দিলে কাটোনাকো এর বেশ।

ভালোবাসা সেতো মহম্মদ(সাঃ),যীশু,আর
চৈতন্যের বাণী
ভালোবাসা চিরকাল এক,শুধুই প্রেমের খনি।।।

মীর গোলাম সাবীর আলী।
আমার কবিতা সংগ্রহ।
৯৮৩৬১০৭৯৫৭